(খ) মিল হাউজের জন্য প্রয়োজনীয় Donnelly Chute যন্ত্রটি ব্যবহার করা যাবে কি না তা পরীক্ষা না করেই ক্রয় করে ফেলে রাখার বিষয়টি তদন্ত করে শিল্প মন্ত্রণালয়কে সুনির্দিষ্ট শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ প্রদান।

(গ) Shreder যন্ত্রটি স্থাপন করা হলেও শুরু থেকেই যান্ত্রিক কারণে চালানো যায় না। Warranty Period এর মধ্যে এটি প্রতিস্থাপন/সচল করার উদ্যোগ কেন নেয়া হয়নি তা তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান।

তারিখ, ১০ কার্তিক ১৪২২/২৫ অক্টোবর ২০১৫

**নং ৩৬.০০.০০০০.০৮৬.০০.০১০.১৫-৪৫৫**—বিএসটিআই কর্তৃক বাস্তবায়নাধীন "Establishment of Chemical Metrology Laboratory (CML) at NML in BSTI (1st Revised)"-শীর্ষক প্রকল্পের আওতায় বেতন গ্রেড ১—১০ পর্যন্ত জনবল নিয়োগের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

(১) যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়

৩। বিটাকের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি

৪। সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়

৫। বিএসটিআই'র প্রতিনিধি (সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ)

**সদস্য-সচিব**

(৬) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক

**কমিটির কার্যপরিধি:**

(১) জনবল নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞাপনসহ অন্যান্য স্বচ্ছতার বিষয় নিশ্চিত হয়ে আবেদনপত্র গ্রহণ। কমিটির পক্ষে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে আবেদনপত্র গ্রহণ করবেন;

(২) আবেদনকারীদের আবেদন যাচাই-বাছাই করার পদ্ধতি নির্ধারণ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ;

(৩) আবেদনকারীদের মেধা-যাচাই এবং বিদ্যমান সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের নিয়োগের সুপারিশ করে সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবরে প্রস্তাব পেশ করা;

(৪) কমিটি প্রয়োজনে কোন সদস্য কো-অপট করতে পারবে; এবং

(৫) বিবিধ।

২। এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানান হ'ল।

**নং ৩৬.০৮৬.০১৪.০১.৩১.০৭৫.২০১০(অংশ-২)-৪৫৬**—শিল্প মন্ত্রণালয়ের অধীন বিটাক কর্তৃক বাস্তবায়নাধীন "হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন (২য় সংশোধিত)"-শীর্ষক প্রকল্পটির অন্তর্বর্তীকালীন মূল্যায়নের নিমিত্ত স্টীয়ারিং কমিটির ৭ম সভার সিদ্ধান্তের আলোকে নিম্নরূপে একটি আন্তঃ মন্ত্রণালয় প্রকল্প মূল্যায়ন কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

১। যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়

৩। সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়

৪। পরিকল্পনা কমিশনের শিল্প সেক্টরের প্রতিনিধি

৫। আইএমইডি'র প্রতিনিধি

৬। বিটাকের প্রতিনিধি

**সদস্য-সচিব**

৭। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বিটাক

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) প্রকল্পের আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা;

(খ) প্রকল্পের অভিষ্ট লক্ষ অর্জনে সফলতা/ব্যর্থতা সম্পর্কে আলোকপাত;

(গ) প্রকল্প বাস্তবায়নে সমস্যা/প্রতিবন্ধকতা চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মতামত প্রদান; এবং

(ঘ) প্রকল্পের কর্ম প্রকৃতি মূল্যায়নের (Performance Evaluation) আলোকে সুপারিশমালা প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুঃ নুরুল আমিন খান**
সিনিয়র সহকারী প্রধান

---

**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ, ১৩ আশ্বিন ১৪২২/২৮ সেপ্টেম্বর ২০১৫

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০৩০.১০-২২৭**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "নৈপুণ্য বিকাশ কেন্দ্র, গোপালগঞ্জ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত নিম্নবর্ণিত ১৩ ক্যাটাগরির ১৬ (ষোলো) টি অস্থায়ী পদ ০৬-০২-২০১২ হতে ৩১-০৫-২০১৪ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর ভূতাপেক্ষ সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি :

| ক্রমিক নং | পদেন নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল' ২০০৯ অনুযায়ী বেতনস্কেল |
|---|---|---|---|
| (০১) | বিশেষজ্ঞ (উপ ব্যবস্থাপক পদ মর্যাদার) | ০১ (এক) টি | ১৮৫০০-২৯৭০০/- (৬নং স্কেল) |
| (০২) | ইন্সট্রাক্টর (মোবাইল টেকনোলজি) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| (০৩) | ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| (০৪) | ইন্সট্রাক্টর (কম্পিউটার) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| (০৫) | ইন্সট্রাক্টর (ফুড প্রসেসিং) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| (০৬) | ইন্সট্রাক্টর (রেফ্রিজারেটর এন্ড এয়ারকন্ডিশনার) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| (০৭) | ইন্সট্রাক্টর (মেশিনসপ প্রাকটিসেস) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| (০৮) | ইন্সট্রাক্টর (বুটিক এন্ড স্ক্রিন প্রিন্টিং) | ০১ (এক) টি | ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল) |
| (০৯) | পরিদর্শক | ০২ (দুই) টি | ৫২০০-১১২৩৫/- (১৪নং স্কেল) |
| (১০) | হিসাবরক্ষক তথা কোষাধ্যক্ষ | ০১ (এক) টি | ৫২০০-১১২৩৫/- (১৪নং স্কেল) |
| (১১) | ডাটা এন্টি অপারেটর | ০১ (এক) টি | ৪৭০০-৯৭৪৫/- (১৬নং স্কেল)<br>৫২০০-১১২৩৫/- (১৪নং স্কেল)<br>চাকুরীকালীন বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়ার পর প্রদেয় |
| (১২) | পিয়ন | ০২ (দুই) টি | আউট সোর্সিং এর নীতিমালা অনুযায়ী |
| (১৩) | গার্ড | ০২ (দুই) টি | আউট সোর্সিং এর নীতিমালা অনুযায়ী |
| | মোট = | ১৬ (ষোলো) টি | |

**শর্তসমূহ :**

(ক) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫ হতে জারিকৃত ০৭-০৮-২০০৮ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭ নং স্মারকে বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে; এবং

(খ) এতদবিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো :

**মীর মোশারেফ হোসেন**
সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**পুলিশ অধিশাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৪ আশ্বিন ১৪২২/২৯ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০২৩.১৫-৮৮০**—যেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল কাদের, সাবেক পুলিশ সুপার, নড়াইল জেলা, বর্তমানে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় রিপোর্টকৃত এর বিরুদ্ধে কনস্টেবল/নায়েক হতে এএসআই (নিরস্ত্র) পদে পদোন্নতির বিভাগীয় পরীক্ষা ২০১৪ এর আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান (পুস্তকসহ) বিষয়ের পরীক্ষা চলাকালে পরীক্ষা হল হতে পুলিশ অফিসে গিয়ে নড়াইল জেলার আর,ও-১ এসআই/সাইদুর রহমান মল্লিক-কে পুলিশ অফিসে ডেকে এনে ৫-১২-২০১৪ খ্রি. তারিখে অনুষ্ঠেয় পরীক্ষার প্রশ্নপত্র দেয়ার বিনিময়ে টাকা ম্যানেজ করে দেয়ার অবৈধ প্রস্তাব করেন। তার নিকট হতে আর,ও-১ টাকার বিনিময়ে প্রশ্ন ফাঁসের প্রস্তাব পাওয়ার পর সে ওসি এমটি-কে একই প্রস্তাব দিলে তিনি উক্ত প্রস্তাবে রাজী হন। গত ৪-১২-২০১৪ তারিখ দিবাগত রাত্রি অনুমান ২০.১৫ টায় আর,ও-১ ওসি এমটি এর মোটর সাইকেলযোগে সরকারি বাসভবনে (বাংলোয়) যান। সেখানে তিনি ৫-১২-২০১৪ খ্রি. অনুষ্ঠেয় কনস্টবল/নায়েক হতে এএসআই (নিরস্ত্র) পদে পদোন্নতির বিভাগীয় পরীক্ষা ২০১৪ এর আইন ও বিধির ব্যবহারিক জ্ঞান (পুস্তক ব্যতীত) বিষয়ের মূল প্রশ্ন সীলগালাযুক্ত খাম খুলে বের করে দিলে সেটা দেখে তারা উভয়ে আলাদা আলাদা কাগজে লিখে নেন। তার প্রস্তাব অনুযায়ী আর,ও-১ এবং ওসি এমটি উল্লিখিত ৬টি প্রশ্ন সম্বলিত প্রশ্নপত্র পরীক্ষার পূর্বে বিভিন্ন জেলা/ইউনিটে কর্মরত পুলিশ সদস্যদের নিকট ফাঁস করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী করা হয়; এবং

২। যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করা হলো। সার্বিক অবস্থা পর্যালোচনায় প্রাথমিকভাবেই তার দায়িত্ব পালনে যথাযথ সতর্কতা অবলম্বন না করে অবহেলা প্রদর্শনের বিষয়টি সুস্পষ্টভাবে প্রতীয়মান হয়েছে বিধায় বিভাগীয় মোকদ্দমার এ পর্যায়েই তাকে দণ্ড প্রদান করা সমীচীন মর্মে বিবেচনার যোগ্য। তদুপরি লিখিত বক্তব্যের মাধ্যমে প্রকারান্তরে দোষস্বীকার পূর্বক ক্ষমা প্রার্থনার বিষয়টিও বিবেচনার যোগ্য। তাই শুনানীর এই পর্যায়ে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি তদন্ত করার জন্য আর কোন তদন্তকারী কর্মকর্তা নিয়োগের প্রয়োজন নেই। সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গুরুত্ব, গভীরতা, ধরন ও সার্বিক অবস্থা পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণের' অভিযোগ প্রমাণিত হওয়ায় 'লগুদণ্ড' প্রদান করা বিবেচনাপ্রসূত হবে বলে প্রতীয়মান হয়েছে।

৪। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব মোহাম্মদ আব্দুল কাদের, সাবেক পুলিশ সুপার, নড়াইল জেলা, বর্তমানে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় রিপোর্টকৃত-কে ভবিষ্যতে আরও মনোযোগী, যত্নশীল এবং সতর্কতার সাথে সরকারি দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(বি) অনুসারে এই বিধিমালার বিধি ৪(২)(বি) মোতাবেক ৪ (চার) বছরের জন্য 'পদোন্নতি স্থগিত রাখার দণ্ড' প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৯ আশ্বিন ১৪২২/৪ অক্টোবর ২০১৫

**নং স্বম(পু-১)/ব্যক্তিগত-২০/২০১১-৮৮৬**—যেহেতু, আপনি জনাব মোঃ ওবায়দুর রহমান খান, পুলিশ সুপার (বর্তমানে খুলনা রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত) ২০০৪ সালের ২১ আগস্ট, ডেপুটি পুলিশ কমিশনার (পূর্ব) ডিএমপি ঢাকা হিসেবে কর্মরত ছিলেন। উক্ত তারিখে আপনার নিয়ন্ত্রণাধীন সাবেক মতিঝিল থানা (বর্তমানে পল্টন মডেল থানা) এলাকার বঙ্গবন্ধু এভিনিউতে বাংলাদেশ আওয়ামী লীগের প্রতিবাদ সভা ও র‌্যালী অনুষ্ঠিত হয়। বেলা অনুমান ১৭:৪০ ঘটিকায় বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা বক্তব্য প্রদান শেষ করার সময় অতর্কিতে উক্ত স্থানে গ্রেনেড হামলা করা হয়। এতে আওয়ামী লীগের নেত্রী বেগম আইভী রহমানসহ ১৯ জন নেতা-কর্মী নিহত হন এবং বহু নেতা-কর্মী মারাত্মকভাবে জখমপ্রাপ্ত হন। এই বর্বর হামলায় আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার (বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রী) শ্রবণশক্তি নষ্ট হয়ে যায়। আপনি ডেপুটি পুলিশ কমিশনার (পূর্ব) ডিএমপি ঢাকা হিসেবে কর্মরত থেকে গ্রেনেড হামলায় জড়িত আসামীদের গ্রেনেড আক্রমণ পরিচালনার সুবিধার্থে ও তাদের রক্ষাকল্পে ইচ্ছাকৃতভাবে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করেননি। (২) এ ঘটনায় ব্যবহৃত অবিস্ফোরিত তাজা গ্রেনেড আলামত হিসেবে জব্দ করার পরও তা' সংরক্ষণের ব্যবস্থা না করে বিজ্ঞ আদালতের অনুমতি ব্যতীত উদ্দেশ্যমূলকভাবে সেনাবাহিনী কর্তৃক গ্রেনেড ধ্বংস করিয়েছেন। (৩) উক্ত ঘটনায় মারাত্মকভাবে আহত নেতা-কর্মীদের দ্রুত চিকিৎসার ব্যবস্থা না করে আওয়ামী লীগ নেতা-কর্মীদের উদ্দেশ্যমূলকভাবে লাঠিপেটা এবং তাদের গ্রেফতার করে তাদের বিরুদ্ধে মতিঝিল থানার মামলা নং-৯৮, তারিখ: ২২-৮-২০০৪ ধারা : ১৪৩/১৪৮/১৪৯/৩৩২/৩৩৩/৩৫৩/ ৩২৩/৪৩৫ দঃ বিঃ রুজু করতঃ তাদেরকে বিজ্ঞ আদালতে প্রেরণ করেন এবং (৪) ঘটনার অব্যবহিত পরে ইচ্ছাকৃতভাবে নিহত বা আহতদের আত্মীয়-স্বজন বা আওয়ামী লীগের নেতা-কর্মীদের নিকট হতে এজাহার না নিয়ে পুলিশকে বাদী করে মামলা রেকর্ড করান এবং বিগত ২৬-৩-২০১১ হতে বিধি বহির্ভূতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি), ৩(সি) এবং ৩(ই) এর আওতায় বিভাগীয় মামলা রুজু করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৫-১-২০১২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০২০.১১-৩৮ নং স্মারকে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারীপূর্বক কৈফিয়ত তলব করা হয়; এবং

২। যেহেতু, অভিযোগনামার জবাব দাখিলের নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও জবাব দাখিল না করায় অভিযোগনামা ২৩-২-২০১৩ তারিখে 'দৈনিক প্রথম আলো' ও ৭-৬-২০১৩ তারিখের 'দৈনিক যুগান্তর' পত্রিকায় প্রকাশ করা হয়। এতদ্‌সত্ত্বেও অভিযোগনামার জবাব দাখিল না করায় বিধি মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্তের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১২-৯-২০১৩ তারিখের স্বম(পু-১)/ব্যক্তিগত-২০/২০১১-৮৬৩/২ নম্বর স্মারক মূলে জনাব মোঃ আবুল কাশেম, পিপিএম-সেবা, ডিআইজি (এফএন্ডডি), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করে তদন্তকারী কর্মকর্তা ৯-৩-২০১৪ তারিখের ডিআইজি (এলএন্ডপি)/পিএ/২৬ নম্বর স্মারকমূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন, প্রাসংঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা ও পরীক্ষা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী থেকে বরখাস্তকরণের (Dismissal from the service) দণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৩। যেহেতু, আপনি জনাব মোঃ ওবায়দুর রহমান খান-কে ১১-৮-২০১৪ তারিখের স্বম(পু-১)/ব্যক্তিগত-২০/২০১১-৬৪৬ নম্বর স্মারকে বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত সময়ে জবাব দাখিল না করায় দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশটি ২০-১-২০১৫ তারিখের 'দৈনিক যুগান্তর' ও ২৭-১-২০১৫ তারিখের 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশ করা হয়। কিন্তু আপনি কোন জবাব দাখিল করেননি এবং অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী থেকে বরখাস্তকরণের (Dismissal from the service) দণ্ড প্রদানের বিষয়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৭) অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৬-৪-১৫ তারিখের স্বম(পু-১)/ব্যক্তিগত-২০/২০১১-৩৪৪ নং স্মারকমূলে মতামত প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম-কমিশনকে অনুরোধ করা হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাঁর ২৮-৬-২০১৫ তারিখের ৮০.১০৬.০৩৪.০১.০০.০০৬.২০১৫-৮৬ নম্বর স্মারকে আপনাকে উপর্যুক্ত দণ্ড আরোপের বিষয়ে একমত পোষণ করে।

৪। সেহেতু, আপনি জনাব মোঃ ওবায়দুর রহমান খান, পুলিশ সুপার (বর্তমানে খুলনা রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত ও বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি), ৩(সি) এবং ৩(ই) বিধির আওতায় অদক্ষতা, অসদাচরণ, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত (Desertion) এবং ২০০৪ সালের ২১ আগস্ট বঙ্গবন্ধু এভিনিউতে অনুষ্ঠিত বাংলাদেশ আওয়ামী লীগের প্রতিবাদ সভা ও র‌্যালীতে গ্রেনেড হামলার সাথে জড়িত অপরাধীদের সহায়তা করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) এর অধীনে দোষী সাব্যস্ত করে আপনাকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from the service) করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ২৬-৩-২০১১ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

## কারা অধিশাখা-২

## প্রজ্ঞাপন

তারিখ, ৫ আশ্বিন ১৪২২/২০ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০২.১৫-১৫০**—পবিত্র ঈদ-উল-আযহা ২০১৫ উপলক্ষে লঘু অপরাধে দণ্ডিত মুক্তিযোগ্য কয়েদীদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ৪০১ এর উপ-ধারা ১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ছকে উল্লিখিত ১১ (এগার) জন কয়েদীর আরোপিত জরিমানা পরিশোধ সাপেক্ষে অবশিষ্ট কারাদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

| ক্রম | কয়েদী নম্বর, নাম, পিতার নাম ও বয়স | কারাগারের নাম |
|---|---|---|
| (১) | কয়েদী নং ৫০৮৯/এ মোঃ মাহাবুর রহমান, পিতা-মৃত ওয়াজ উদ্দিন, বয়স-৪৬ বৎসর। | রাজশাহী কেন্দ্রীয় কারাগার। |
| (২) | কয়েদী নং ৪৩৫৮/এ মোঃ মিন্টু, পিতা-মৃত একাব্বর আলী, বয়স-৪৫ বৎসর। | লালমনিরহাট জেলা কারাগার। |
| (৩) | কয়েদী নং-৪৬৪৯/এ মোঃ রফিকুল ইসলাম, পিতা-মৃত আজগার আলী, বয়স-৪১ বৎসর। | |
| (৪) | কয়েদী নং ৪২৮/এ আব্দুল মান্নান, পিতা-সুজাউল হক, আনুমানিক বয়স-৩০ বৎসর। | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার। |
| (৫) | কয়েদী নং ৯৬৪৭/এ আবুল কাশেম, পিতা-আঃ রশিদ, আনুমানিক বয়স-৫৫ বৎসর। | |
| (৬) | কয়েদী নং ৯৫৮৭/এ রবিউল হোসেন@ বাচা মিয়া, পিতা-হাজী আঃ হক, আনুমানিক বয়স-৫৭ বৎসর। | |
| (৭) | কয়েদী নং ৬৮৮২/এ কটাই মিয়া@ জিল্লুর রহমান, পিতা-মৃত হাছন আলী, বয়স-৩৬ বৎসর। | সিলেট কেন্দ্রীয় কারাগার। |
| (৮) | কয়েদী নং ৬৮৮৩/এ ফারুক মিয়া, পিতা-মৃত হাছন আলী, বয়স-৫৫ বৎসর। | |
| (৯) | কয়েদী নং ৭১২৮/এ এখলাছ মিয়া, পিতা-মৃত গয়াস মিয়া, বয়স-৩৫ বৎসর। | |
| (১০) | কয়েদী নং ৫৮১৮/এ ছবির হোসেন, পিতা-জলফু মিয়া, বয়স-৩০ বৎসর। | সুনামগঞ্জ জেলা কারাগার। |
| (১১) | কয়েদী নং ৬২৩৮/এ মোঃ ইন্তাজ, পিতা-লাল মোহাম্মদ, বয়স-৪৪ বৎসর। | চুয়াডাংগা জেলা কারাগার। |

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাহানা**
উপসচিব।

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ভাদ্র ১৪২২/৯ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৩-৫৪৮**—সিলেট জেলার কানাইঘাট থানার সাধারণ ডায়েরী নং-১২০১, তারিখ ২৭-৬-২০১৫ মোতাবেক কানাইঘাট থানাধীন চরিপাড়া (করডি) জামে মসজিদের পেশ ইমাম মাওলানা সিদ্দিকুর রহমান (৩০), পিতা-আব্দুল ওকিল, সাং-কাড়াবাল্লা, কান্দিগ্রাম, থানা-কানাইঘাট, জিলা-সিলেট মসজিদের মিম্বরে দাড়িয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে কটুক্তি, বাংলাদেশ সরকারের প্রতি অবজ্ঞা ও ঘৃণ্য বক্তব্য প্রদান এবং মোহাম্মদ আব্দুল ওয়াদুদ (৪০), পিতা-মৃত মছদ্দর আলী, এবং আব্দুল হাই (৩৫), পিতা-নুর আহমদ, উভয় সাং-চরিপাড়া (করডি), থানা-কানাইঘাট, সিলেট ইমাম এর বক্তব্য সমর্থন করার অভিযোগে দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৪-ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৫ আশ্বিন ১৪২২/৩০ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.২০১৩-৫৮৫**—সাতক্ষীরা জেলার শ্যামনগর থানার মামলা নং-১১, তারিখ ১৭-৭-২০১১ মোতাবেক আসামী নুরুল আমিন ঢালী (৫০) পিতা-মৃত: শহর আলী ঢালী, সাং-চন্ডিপুর, থানা-শ্যামনগর, জেলা-সাতক্ষীরা গং বেআইনী জনতাবদ্ধে অপরাধমূলক কর্মকাণ্ড ঘটানোর লক্ষ্যে আওয়ামীলীগ অফিসে প্রবেশপূর্বক ভাংচুর ও তছনছ করে ক্ষতিসাধন করার অপরাধ সংঘটন করেছে যা পেনাল কোড, ১৮৬০ এর ১২০-খ ধারার অপরাধ। উক্ত ঘটনা অপরাধমূলক ষড়যন্ত্র বিধায় পেনাল কোড, ১২০-খ ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬-ক ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.২০১৩-৫৮৬**—সাতক্ষীরা জেলার শ্যামনগর থানার মামলা নং-২৫, তারিখ ১৪-৪-২০১২ মোতাবেক ধৃত আসামী ওয়াহিদুজ্জামান (৪০) পিতা-মৃত: আঃ রশিদ সরদার, সাং-নওয়াবেঁকী,, থানা-শ্যামনগর, জেলা-সাতক্ষীরা গং বেআইনী জনতাবদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্র করতঃ সরকারের প্রতি অবজ্ঞা, ঘৃণা ও বিদ্বেষ সৃষ্টি করার অপরাধ সংঘটন করেছেন যা পেনাল কোড, ১৮৬০ এর ১২০-খ এবং ১২৪-ক ধারার অপরাধ। উক্ত ঘটনা অপরাধমূলক ষড়যন্ত্র এবং রাষ্ট্রদ্রোহিতার অপরাধ বিধায় পেনাল কোড, ১২০-খ এবং ১২৪-ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬-ক ও ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.২০১৩-৫৮৭**—শ্যামনগর (সাতক্ষীরা) থানার মামলা নং-০৩, তারিখ ০২-০৩-২০১৩ মোতাবেক অভিযুক্ত মোঃ মুজিবর রহমান (৩২) পিতা-মহাতাব গাজী, সাং-নওয়াবেঁকী, থানা-শ্যামনগর, জেলা-সাতক্ষীরা গং গত ২৮-০২-২০১৩ তারিখে সরকারের বিরুদ্ধে কুরুচিপূর্ণ শ্লোগান দিয়ে বেলা অনুমান ১৬.৩০ ঘটিকার সময় অভিযুক্তগণ চাইনিজ কুড়াল, দা, লোহার রড, চাপাতি সহকারে পূর্ব পরিকল্পিতভাবে বেআইনী জনতাবদ্ধ হয়ে বাদীর বাড়ীর মধ্যে অনধিকার প্রবেশ করে বাদী শ্রী সাধু রঞ্জন মন্ডলের বসত ঘরের দেয়ালে টাঙ্গানো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি এবং ভগবান শ্রী শ্রী কৃষ্ণের ছবিসহ অন্যান্য দেব দেবীর ছবি দেওয়াল হতে নামিয়ে বিনষ্টসহ পদদলিত করার অভিযোগে অভিযুক্তদের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০ এর ২৯৫-ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের ভূতাপেক্ষ অনুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০২.২০১৫-৫৮৯**—মাগুরা জেলার মাগুরা থানার মামলা নং-৩৬, তারিখ ২২-০৩-২০১৫ খ্রিঃ 'সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ৬(২)(অ)(ই)(উ)/৭(৩)/১২(ক)(গ)(ঘ) ধারায় মামলার আসামীগণ মাগুরা থানাধীন মাগুরা-যশোর মহাসড়কের মঘীর ঢাল নামক স্থানে সন্ত্রাসী কার্যের মাধ্যমে ভাংচুর, পেট্রোল বোমা নিক্ষেপ, অগ্নিসংযোগ, ত্রাস সৃষ্টি, নাশকতা ও ক্ষতি সাধনসহ পুড়িয়ে মানুষ হত্যা এবং গুরুতর জখম করার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০২.২০১৫-৫৯০**—ডিএমপি, ঢাকার রমনা মডেল থানার মামলা নং-০৭, তারিখ ০৩-০১-২০১৪খ্রিঃ "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ৬(২) এর(অ)(আ)(উ)/১২ ধারায় মামরার আসামীগণ রমনা মডেল থানাধীন পরিবাগ মোড়ে রাস্তার উপর হত্যার উদ্দেশ্যে পেট্রোল বোমা, ককটেল বিস্ফোরণ ঘটিয়ে যাত্রীবাসে অগ্নিসংযোগ, অগ্নিদগ্ধ করে গুরুতর জখমসহ একই উদ্দেশ্যে সাধনকল্পে উক্ত অপরাধ সংঘটনে সাহায্য ও সহায়তা করার অবিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপসচিব।

**বহিরাগমন-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৬ অক্টোবর ২০১৫

বিষয় ঃ Implementing the Agreement between Bangladesh and Malaysia on the Pertial Abolition of Visa Requirements for Diplomatic and Official Passports.

সূত্র ঃ ১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং ৪৪.০০.০০০০.০৩৯.২০.০০২.১২-১৪০৯, তারিখ, ১৯-৮-২০১৫

২। পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং ১৯.২২.০০০১.০০৪.০১.০০১.১৪-৫৩৬, তারিখ ২০-৯-২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৩৯.০১.০০২.১৩-১২৫১**—উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্র দুটি'র পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩ ডিসেম্বর, ২০১৪ তারিখ বাংলাদেশ সরকার ও মালয়েশিয়া সরকারের মধ্যে Pertial Abolition of Visa Requirements for Diplomatic and Official Passports-চুক্তিটি স্বাক্ষরিত হয় যা মালয়েশিয়া সরকার কর্তৃক অনুসমর্থন (Has been ratified) লাভ করেছে। এ বিষয়ে মালয়েশিয়ান হাই কমিশন ঢাকা একটি Note Verbale-এর মাধ্যমে জানায় যে, এই চুক্তিটি আগামি ১৫ অক্টোবর, ২০১৫ তারিখ হতে কার্যকর হবে। চুক্তিটির Salient features নিম্নরূপ ঃ

(i) According to Art 12 of the agreement, "This Agreement shall enter into force thirty (30) days after the date of the last written notification, through diplomatic channels, by either Contraction Party". So the agreement shall enter into force from 15 October 2015.

(ii) Implementation of the Agreement will allow officials and diplomats from both the countries to enter into and stay in each other's territory without a visa for a period up to 30 days.

(iii) The visa free traval arrangement will be applicable for the purposes of official visits, vacation/tourism, visiting relatives or any other purpose approved by competent authorities.

(iv) The Agreement will remain in force far a period of five years and will be automatically renewed for another five years unless any party desires to cancel the Agreement.

২। এমতাবস্থায়, উল্লিখিত চুক্তি মোতাবেক দু'দেশের কূটনৈতিক এবং অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতির বিষয়টি কার্যকর/বাস্তবায়নের লক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সকল ইমিগ্রেশন চেক পয়েন্টে এ ব্যবস্থা অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দা সালমা জাফরীন**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ২৮ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫০.২০১৪-৬৩৫**—যেহেতু, ডাঃ আফসানা রওশন (৩৯৯৭৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ৭-৬-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫০.২০১৪-৩০৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১১-০৮-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, সিভিল সার্জন, শেরপুর গত ২৪-৯-২০১৪ তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর পরিদর্শন করেন। পরিদর্শনকালে ডাঃ আফসানা রওশন (৩৯৯৭৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর-কে ১৫-০৯-২০১৪ হতে ২৪-০৯-২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত পান। উক্ত অনুপস্থিতির কারণে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে তার পরিপূর্ণ জবাব দাখিল না করে অনুপস্থিতির দিনগুলোতে স্বাক্ষর করেন। কিন্তু হাজিরা খাতায় স্বাক্ষরের বিষয়ে কোন ব্যাখ্যা প্রদান করেননি এবং অসুস্থ্যতার স্বপক্ষে চিকিৎসকের সনদপত্র দাখিল করেননি;

এক্ষণে, সেহেতু, ডাঃ আফসানা রওশন (৩৯৯৭৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে তাঁকে 'তিরস্কার (Censure)' করে বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হল। তাঁর ১৫-০৯-২০১৪ তারিখ হতে ২৪-০৯-২০১৪ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

**আদেশ**

তারিখ, ২১ আশ্বিন ১৪২২/৬ অক্টোবর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১৪-৬৬১**—যেহেতু, ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে গত ০১-০১-২০০৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ১৯-৩-২০১৪ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদানের আবেদন করেন;

যেহেতু, ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭) একনাগাড়ে ০৫ বছরের অধিক চাকুরীতে অনুপস্থিত থাকায় বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ অনুযায়ী তাঁর চাকুরী অবসান ঘটানোর নিমিত্ত কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণ করেন;

যেহেতু, প্রাপ্ত জবাব, ব্যক্তিগত শুনানী এবং প্রাপ্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে দাখিলকৃত জবাব গ্রহণযোগ্য প্রতীয়মান হওয়ায় তাঁর চাকুরী অবসান ঘটানোর সিদ্ধান্ত না নিয়ে তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে তাঁকে চাকুরিতে পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭) একনাগাড়ে ০৫ (পাঁচ) বছরের অধিক কর্মস্থলে অনুপস্থিত থাকায় ও তিনি বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রথম শ্রেণির কর্মকর্তা বিধায় বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক তাঁকে চাকুরিতে পুনর্বহালের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রস্তাব উপস্থাপন করা হয়;

যেহেতু, বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭)-কে চাকুরিতে পুনর্বহালের বিষয়ে গত ২৮-০৯-২০১৫ তারিখে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

এক্ষণে, সেহেতু, মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতির প্রেক্ষিতে ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর ০১-০১-২০০৮ তারিখ হতে ১৮-০৩-২০১৪ তারিখ পর্যন্ত ৬ (ছয়) বছর ৪ (চার) মাস অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করে তাঁকে চাকুরিতে পুনর্বহাল করা হল।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১২ অক্টোবর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৯.২০১৫-৬৮৩**—যেহেতু, ডাঃ মোঃ শামসুর রহমান (৩৮৩৪৯), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঘোড়াঘাট, দিনাজপুর, লক্ষ্মীপুর থানার মামলা নং সিআর-৭৩১১১৫ মোতাবেক বিজ্ঞ আদালত কর্তৃক গত ০৪-০৮-২০১৫ তারিখে জেল হাজতে প্রেরিত হন;

যেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোঃ শামসুর রহমান (৩৮৩৪৯), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঘোড়াঘাট, দিনাজপুরকে বি.এস.আর. পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ০৪-০৮-২০১৫ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ, ১৩ অক্টোবর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৫.২০১৫-৬৮৫**—যেহেতু, ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান (১২১০০৯), সহকারী সার্জন, চন্দনপাট ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, রংপুর, রংপুর জেলা কোতোয়ালী থানার ডায়েরী নং ১৬৬৪, তারিখ ২২-০৯-২০১৫ (ধারা/ফৌঃ কাঃবি-৫৪) মোতাবেক গত ২২-০৯-২০১৫ তারিখ হতে বিজ্ঞ আদালত কর্তৃক জেল হাজতে প্ররিত হয়েছেন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান (১২১০০৯), সহকারী সার্জন, চন্দনপাট ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, রংপুরকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ২২-০৯-২০১৫ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ৮ অক্টোবর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫১.২০১৫-৬৬৪**—যেহেতু, ডাঃ ইসমত আফরোজা (১১১২৮৬), প্রভাষক (ফিজিওলজি), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৯-০৭-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫১.২০১৫-৪২০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৯-০৯-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ ইসমত আফরোজা (১১১২৮৬), প্রভাষক (ফিজিওলজি), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫০.২০১৫-৬৬৫**—যেহেতু, ডাঃ রতন বিকাশ রুদ্র (৩৯৬২১), জুনিয়র কনসালটেন্ট (ইএনটি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম গত ০১-০৭-২০১৪ তারিখ হতে ০৪-১১-২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক

'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৯-০৭-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫০.২০১৫-৪১৮নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ৩০-০৯-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চিশি-২ শাখার ১৮-০৯-২০১৪ তারিখের স্বাপকম/চিশি-২/শিক্ষাছুটি-১৩/২০১৪-৬৫১ নং প্রজ্ঞাপনে বিএসএমএমইউতে এফসিপিএস (ইএনটি) ২য় পর্ব সম্পন্ন করার জন্য তাঁকে ০১-০৭-২০১৪ তারিখ হতে ৬ (ছয়) মাসের বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ রতন বিকাশ রুদ্র (৩৯৬২১), জুনিয়র কনসালটেন্ট (ইএনটি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৪.২০১৪-৬৬৬**—যেহেতু, ডাঃ মোঃ লুৎফুল কবীর (১০০৩৯৭০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, প্রেষণে বারডেম হাসপাতাল, শাহবাগ, ঢাকা (প্রাক্তন ইমার্জেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, নীলফামারী) গত ০১-০৭-২০১৪ তারিখ হতে ১৩-১০-২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৩-০৮-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৪.২০১৪-৫৩৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ৩০-০৯-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ লুৎফুল কবীর (১০০৩৯৭০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, প্রেষণে বারডেম হাসপাতাল, শাহবাগ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তাঁর ০১-০৭-২০১৪ তারিখ হতে ১৩-১০-২০১৪ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তাঁকে অনুপস্থিতকালীন সময়ে উত্তোলিত বেতন-ভাতা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৫.২০১৫-৬৬৮**—যেহেতু, ডাঃ মোঃ রেজাউল ইসলাম (৪১৭৭০), জুনিয়র কনসালটেন্ট (রেডিওলজি এন্ড ইমেজিং), আধুনিক সদর হাসপাতাল, নীলফামারী বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ৩০-০৭-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৫.২০১৫-৪৬৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৬-১০-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রেজাউল ইসলাম (৪১৭৭০), জুনিয়র কনসালটেন্ট (রেডিওলজি এন্ড ইমেজিং), আধুনিক সদর হাসপাতাল, নীলফামারী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৫-৬৬৯**—যেহেতু, ডাঃ মোছাঃ শবনব শায়লা শারমিন (১২৮৫০২), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, রংপুর (প্রাক্তন মেডিকেল অফিসার, সাতপাড়া উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, রংপুর) বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ৩১-০৫-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৫-৩০০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৬-১০-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোছাঃ শবনব শায়লা শারমিন (১২৮৫০২), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তাঁর ১৪-০৩-২০১৪ তারিখ হতে ০৭-০১-২০১৫ তারিখ পর্যন্ত সময়কে প্রাপ্যতা সাপেক্ষ্যে অর্জিত ছুটি/বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তাঁর ০৮-০১-২০১৫ তারিখ হতে ০৬-০৭-২০১৫ তারিখ পর্যন্ত সময়কে মার্তৃত্বকালীন ছুটি হিসেবে মঞ্জুরের জন্য উপর্যুক্ত কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবে।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৯.২০১৫-৬৭০**—যেহেতু, ডাঃ মোঃ খালিদ রশীদ (৪৫৬১৯), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নিকলী, কিশোরগঞ্জ গত ০১-১১-২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ৩১-০৮-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭. ০১.০০.০৯৯.২০১৫-৫৫৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৬-১০-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ৩০-১০-২০১৩ তারিখে প্রলাপস লাম্বার ইন্ট্রাভার্টেবল ডিক্স (পিএলআইডি)-এ আক্তান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন। পরবর্তীতে দীর্ঘদিন চিকিৎসকের পরামর্শে বেড রেস্টে ছিলেন। তার অসুস্থতার স্বপক্ষে দাখিলকৃত চিকিৎসার কাগজপত্র সন্তোষজনক প্রতীয়মান হলো না। তাঁর অনুপস্থিতির জন্য তিনি ক্ষমা প্রার্থী।

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ খালিদ রশীদ (৪৫৬১৯), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নিকলী, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০১ (এক) বছরের জন্য তাঁকে বর্তমানে প্রাপ্য তাঁর বেতন স্কেলের সর্বনিম্নধাপে অবনমিত করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ০১-১১-২০১৩ তারিখ হতে কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৭.২০১৫-৬৭১**—যেহেতু, ডাঃ সুমায়রা সাফরিন (১২৩০০১), প্রভাষক (ফিজিওলজি), জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৮-০৮-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৭.২০১৫-৫১৭নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৬-১০-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ সুমায়রা সাফরিন (১২৩০০১), প্রভাষক (ফিজিওলজি), জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ০১-০৯-২০১৪ তারিখ হতে ২৬-১১-২০১৪ তারিখ পর্যন্ত সময়কে প্রাপ্যতা সাপেক্ষে অর্জিত ছুটি বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৫-৬৭২**—যেহেতু, ডাঃ শাহরীন ফেরদৌস (১২৪২৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সহকারী সার্জন হিসেবে ২৫০ শয্যা বিশিষ্ট শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনায় বদলির আদেশাধীন) বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৬-০৯-২০১৫ তারিখে ৪৫.১৫০. ০২৭.০১.০০.১০৪.২০১৫-৫৭৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন।

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চিশি-১ শাখার ১৩-০১-২০১৫ তারিখের ৪৫.১৬৮.০১৯.০৩.০০.১৭৮.২০১৫-১৬ নং প্রজ্ঞাপনে বিএসএমএমইউতে এফসিপিএস (গাইনী) ২য় পর্ব সম্পন্ন করার জন্য তাকে ০১-০১-২০০৫ তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছর ২ (দুই) মাস মাসের প্রেষণ মঞ্জুর করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ শাহরীন ফেরদৌস (১২৪২৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**হাসপাতাল-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ অক্টোবর ২০১৫

